# বাংলাদেশ কৃষি ব্যাংক
**প্রধান কার্যালয়**
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫


**কেন্দ্রীয় হিসাব বিভাগ-১**

নং প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০১৮-২০১৯/ ৬৭৭(১২৫০) তারিখঃ ১৭-১০-২০১৮খ্রিঃ

০১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যারয়সহ সকল কর্পোরেট শাখাসমূহ
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ
০৩। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বৃহৎ করদাতা ইউনিট ( LTU) কর্তৃক প্রকাশিত ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাত, ধারা এবং হার সংক্রান্ত তথ্য কণিকা মাঠ পর্যায়ে জারি করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বৃহৎ করদাতা ইউনিট ( LTU ) কর্তৃক প্রকাশিত ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাত, ধারা এবং হার সংক্রান্ত তথ্য কণিকা সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০৮(আট)

আপনার বিশ্বস্ত,
১৭/১০/১৮
( মোঃ আবু জাফর হাওলাদার )
উপ-মহাব্যবস্থাপক

নং প্রকা/হিসাব-১/ভ্যাট ও ট্যাক্স-৬(৪৮)/২০১৮-২০১৯/ ৬৭৭(১২৫০) তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

(১) চীফ স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(২) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
(৩) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
(৪) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/ অধ্যক্ষ স্টাফ কলেজ বিকেবি, প্রকা, ঢাকা।
(৫) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়।
(৬) সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকাকে অনুরোধ করা হলো।
(৭) সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(৮) সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
(৯) নথি/মহানথি।

১৭.১০.১৮
(খান তামজিদ আহমেদ)
সহকারী মহব্যবস্থাপক

জনকল্যাণে রাজস্ব

উন্নয়নের অক্সিজেন রাজস্ব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বৃহৎ করদাতা ইউনিট (LTU)
অধিক্ষেত্রাধীন করদাতার জন্য উৎসে কর কর্তন/সংগ্রহের

# তথ্য কণিকা

(২০১৮-২০১৯)

LARGE TAXPAYER UNIT

বৃহৎ করদাতা ইউনিট (LTU)

LARGE TAXPAYER UNIT

# উৎসে সংগৃহীত কর জমার অধিক্ষেত্র

## প্রা স ঙ্গি ক ক থা

অর্থনৈতিক উন্নয়নে আয়করের ভূমিকা অনস্বীকার্য। আয়কর আহরণের স্বীকৃত ও সহজ পদ্ধতি হল উৎসে আয়কর কর্তন/সংগ্রহ। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ের বিধান অনুযায়ী উৎসে আয়কর কর্তন/সংগ্রহ করা হয়। উৎসে কর্তনকারী কর্তৃপক্ষের নিকট অধ্যাদেশ, বিধি, এসআরও এবং বিভিন্ন সময় জারীকৃত প্রজ্ঞাপন সংগ্রহ করে প্রতিনিয়ত হালনাগাদ থাকা সম্ভব হয় না। এছাড়া মাঠ পর্যায়ে উৎসে কর্তন/সংগ্রহের নিয়ম, সংগ্রহের হার, কর জমার কোড এবং সময়সীমা ইত্যাদি বিষয়ে নানা প্রশ্ন ও বিভ্রান্তি রয়েছে। এ সকল প্রশ্ন ও বিভ্রান্তি দূরীকরণে এবং বিষয়টি সহজীকরণের লক্ষ্যে উৎসে কর কর্তন/সংগ্রহের খাতসমূহ, সংগ্রহের হার, কর জমাদান এবং উৎস করের রিটার্ন ইত্যাদি বিষয় এই তথ্য কণিকায় সন্নিবেশ করা হয়েছে। তথ্য কণিকাটিতে সর্বশেষ ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আনীত পরিবর্তন/সংযোজন/পরিবর্ধন পূর্বক হালনাগাদ করা হয়েছে।

বৃহৎ করদাতা ইউনিট (LTU) এর প্রত্যাশা উৎসে কর কর্তন/সংগ্রহকারী কর্তৃপক্ষ তথা এই ইউনিটের অধিক্ষেত্রাধীন করদাতার নিকট তথ্য কণিকাটি সহায়ক হবে এবং যথাযথভাবে কর কর্তন/সংগ্রহ করে রাজস্ব আহরণে পূর্বের মতো ভূমিকা রাখবে।

সম্প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ অনুযায়ী বৃহৎ করদাতা ইউনিট (LTU) এর অধিক্ষেত্রভূক্ত করদাতাগণ নিম্নোক্তভাবে তাদের উৎসে সংগৃহীত কর জমা প্রদান করবে।

- বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর অধিক্ষেত্রাধীন সকল করদাতা জাতীয় রাজস্ব বোর্ডের উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত অধিক্ষেত্র আদেশ নং ০৮.০১.০০০০.০২৭.০৯.০০১.১৬ (অংশ-১) / ৭৫ তারিখঃ ১৭.০৮.২০১৭ খ্রিঃ, অনুযায়ী আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৭ম অধ্যায়ে বর্ণিত সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে সরকারী কোষাগারে জমা প্রদান করবে।

- কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক 52D, 52R, 53BB, 53BBBB, 53EE, 53F ধারা ব্যতীত অন্যান্য সকল ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য ৫২ট ধারায় (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত) উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করতে হবে।

- এলটিইউ এর অধিক্ষেত্রাধীন করদাতা নয় সরকারের এমন কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্যকোন কর্তৃপক্ষ বা Person (কোম্পানী বা সমবায় সমিতি বা এনজিও ব্যতীত) কর্তৃক 50A, 51, 52AA (মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারি এজেন্টকে প্রদেয় ফিস), 52 I (চট্টগ্রাম ব্যতীত), 52T, 52U (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা ব্যতীত), 52V, 53G, 53GG ধারায় উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকার অনুকূলে জমা প্রদান করতে হবে।

- বৃহৎ করদাতা ইউনিটের অধিক্ষেত্রাধীন সকল করদাতা কর্তৃক উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর কেবল বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর অনুকূলে কোম্পানী করদাতার ক্ষেত্রে ১-১১৪৫-০০১০-০১০১ কোডে এবং ব্যক্তি করদাতার ক্ষেত্রে ১-১১৪৫-০০১০-০১১১ কোডে জমা প্রদান করতে হবে।

# উৎসে আয়কর কর্তন/সংগ্রহের খাত, ধারা ও হার

| ক্রঃ | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার | | এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | বেতনাদি | ধারা-৫০ | গড় হারে | | প্রযোজ্য |
| ২ | বাংলাদেশ ব্যাংক বিলের উপর ডিসকাউন্ট | ধারা-৫০এ | সর্বোচ্চ হারে | | প্রযোজ্য |
| ৩ | সিকিউরিটিস এর উপর সুদ | ধারা-৫১ | ৫% | | প্রযোজ্য |
| ৪ | ঠিকাদার ও সরবরাহকারীদের পরিশোধ | ধারা-৫২<br>বিধি- ১৬ | ঠিকাদার, সরবরাহ, ম্যানুফেকচার, প্রসেস বা কনভার্শন, প্রিন্টিং, প্যাকেজিং বা বাইন্ডিং এর ক্ষেত্রে<br>ভিত্তিমূল্য ১৫ লক্ষ টাকা পর্যন্ত-------------------২%<br>ভিত্তিমূল্য ১৫ লক্ষ টাকার অধিক<br>কিন্তু ২৫ লক্ষ টাকা পর্যন্ত-----------------------৩%<br>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক<br>কিন্তু ১ কোটি টাকা পর্যন্ত-----------------------৪%<br>ভিত্তিমূল্য ১ কোটি টাকার অধিক<br>কিন্তু ৫ কোটি টাকা পর্যন্ত-----------------------৫%<br>ভিত্তিমূল্য ৫ কোটি টাকার অধিক<br>কিন্তু ১০ কোটি টাকা পর্যন্ত----------------------৬%<br>ভিত্তিমূল্য ১০ কোটি টাকার অধিক ---------------৭%<br>অয়েল মার্কেটিং কোম্পানির তেল সরবরাহর ক্ষেত্রে<br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকা পর্যন্ত----------- শূন্য<br>পেমেন্টের পরিমান ২ লক্ষ টাকার অধিক--------০.৬%<br>অয়েল মার্কেটিং কোম্পানির ডিলার বা এজেন্ট (পেট্রল পাম্প ব্যতীত) হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট-----------------------১%<br>অয়েল রিফাইনারি কোম্পানি হতে তেল সরবরাহের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট-----------------------৩%<br>গ্যাস ট্রান্সমিশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট-----------------------৩%<br>গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানিকে পেমেন্টের ক্ষেত্রে<br>যে কোন পরিমান পেমেন্ট-----------------------৩%<br>Payment এর সময় প্রাপক ১২- ডিজিট টিআইএনধারী না হলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশী হবে। | | প্রযোজ্য |
| ৫ | রয়্যালটি ইত্যাদি সহ সকল Intangibles ব্যবহার | ধারা-৫২এ | ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত -----------------১০%<br>ভিত্তিমূল্য ২৫ লক্ষ টাকার অধিক ---------------১২%<br>Payment এর সময় প্রাপক ১২- ডিজিট টিআইএনধারী না হলে উৎস করের হার নির্ধারিত হার অপেক্ষা ৫০ শতাংশ বেশী হবে। | | প্রযোজ্য |
| ৬ | | ধারা | ভিত্তিকমূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ভিত্তিকমূল্য ২৫ লক্ষ টাকার অধিক হলে | প্রযোজ্য |
| | উপদেষ্টা অথবা কনসালটেন্সি সার্ভিস | ধারা-৫২এএ | ১০% | ১২% | |
| | পেশাগত সার্ভিস, কারিগরি সার্ভিসেস ফি, কারিগরি সহায়তা ফি (ডাক্তার কর্তৃক প্রদত্ত পেশাগত সার্ভিস ব্যতীত) | | ১০% | ১২% | |
| | ক্যাটারিং সার্ভিস; ক্লিনিং সার্ভিস; কালেকশন এন্ড রিকভারী সার্ভিস; প্রাইভেট সিকিউরিটি সার্ভিস; জনবল সরবরাহ সার্ভিস; ক্রিয়েটিভ মিডিয়া সার্ভিস; পাবলিক রিলেশন/জনসংযোগ সার্ভিস; ইভেন্ট ম্যানেজমেন্ট সার্ভিস; প্রশিক্ষণ, ওয়ার্কশপ, ইত্যাদি আয়োজন ও ব্যবস্থাপনা সার্ভিস; বা অনুরূপ অন্যান্য সার্ভিস | | ১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১০%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ----- ১.৫% | ১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১২%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ------ ২% | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | মিডিয়া বায়িং এজেন্সি সার্ভিস | | ১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১০%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর ----- ০.৫% | ১. কমিশন প্রদানের ক্ষেত্রে কমিশনের উপর ------ ১২%<br>২. গ্রস বিল প্রদানের ক্ষেত্রে গ্রস বিলের উপর --- ০.৬৫% | |
| | ইন্ডেটিং কমিশন | | ৬% | ৮% | |
| | মিটিং ফিস, ট্রেনিং ফিস বা সম্মানী | | ১০% | ১২% | |
| | মোবাইল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহৃত মোবাইল নেটওয়ার্ক অপারেটর, কারিগরি সহয়াতা প্রদানকারী প্রতিষ্ঠান এবং সার্ভিস ডেলিভারী এজেন্টকে প্রদেয় ফিস | | ১০% | ১২% | |
| | ক্রেডিট রেটিং সার্ভিস | | ১০% | ১২% | |
| | মোটর গ্রারেজ ও ওয়ার্কশপ | | ৬% | ৮% | |
| | পাইভেট কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড সার্ভিস | | ৬% | ৮% | |
| | শিপিং এজেন্সি কমিশন | | ৬% | ৮% | |
| | স্টিভেডরিং/বার্থ অপারেশন কমিশন | | ১০% | ১২% | |
| | পরিবহন সার্ভিস, ক্যারিং সার্ভিস, যানবাহন রেন্টাল সার্ভিস, * রাইড শেয়ারিং সার্ভির্স | | ৩% | ৪% | |
| | ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর Chjapter VII সুনির্দিষ্টকৃত নয় এমন যে কোন সেবা | | ১০% | ১২% | |
| ৭ | সি এন্ড এফ এজেন্সিকে প্রদেয় ফি | ধারা- ৫২এএএ | ১০% | | প্রযোজ্য নয় |
| ৮ | সিগারেট উৎপাদনকারীর নিকট থেকে সিগারেট উৎপাদনের জন্য ব্যান্ড রোলের মূল্যের উপর | ধারা-৫২বি | ১০% | | প্রযোজ্য নয় |
| ৯ | সরকার কর্তৃক সম্পত্তির হুকুম দখল বাবদ প্রদেয় ক্ষতিপূরণ | ধারা- ৫২সি | সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এর অধীনে----২%<br>অন্যান্য ক্ষেত্রে ---------------- ১% | | প্রযোজ্য নয় |
| ১০ | সঞ্চয়পত্রের উপর সুদ | ধারা- ৫২ডি | ৫% | | প্রযোজ্য নয় |
| ১১ | শ্রমিক অংশগ্রহণ তহবিল (WPF) হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ | ধারা- ৫২ডিডি | ৫% | | প্রযোজ্য |
| ১২ | ইটের ভাটা পরিচালনা | ধারা-৫২এফ | ধারা-৫২এফ এর বিধান অনুযায়ী | | প্রযোজ্য নয় |
| ১৩ | ঋণপত্রের (এলসি) কমিশন | ধারা-৫২আই | ৫% | | প্রযোজ্য |
| ১৪ | বিমান টিকিট বিক্রয় বা কার্গো ভাড়া বাবদ ট্রাভেল এজেন্টকে প্রদত্ত কমিশন ডিসকাউন্ট, ইনসেনটিভ বোনাস | ধারা-৫২জে জে | ধারা-৫২ জে জে এর বিধান অনুযায়ী | | প্রযোজ্য |
| ১৫ | ট্রেড লাইসেন্স ইস্যু বা নবায়ন | ধারা-৫২ কে | ঢাকা উত্তর, দক্ষিন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন জন্য ৫০০ টাকা। অন্যান্য সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌরসভার জন্য ৩০০ টাকা এবং অন্যান্য পৌরসভার জন্য ১০০ টাকা। | | প্রযোজ্য নয় |
| ১৬ | ফ্রেইট ফরওয়ার্ডা এজেন্সি কমিশন | ধারা-৫২এম | ১৫% | | প্রযোজ্য |
| ১৭ | রেন্টাল পাওয়ার ক্রয় বাবদ | ধারা-৫২এন | ৬% | | প্রযোজ্য নয় |
| ১৮ | ডায়মন্ড কাটিং ইন্ডাস্ট্রিতে কর্মরত বিদেশি টেকনিশিয়ান | ধারা-৫২ও | ৫% | | প্রযোজ্য নয় |
| ১৯ | কনভেশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদিকে ভাড়া প্রদান | ধারা-৫২পি | ৫% | | প্রযোজ্য |
| ২০ | বিদেশি ব্যক্তি (Consultancy Technical, Advisory, Design Professional) সেবা সার্ভিস প্রদানের বিপরীতে প্রাপ্ত আয়<br>* ব্যতিক্রম বাংলাদেশে প্রস্তুতকৃত Software রপ্তানীর ক্ষেত্রে 6th Schedule Part-A, Para-33 এর আওতায় কর অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে আয়কর কর্তন প্রযোজ্য হবে না। | ধারা-৫২কিউ | ১০% | | প্রযোজ্য |

| ক্রঃ | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার | এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা |
|---|---|---|---|---|
| ২১ | আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি | ধারা-৫২ আর(২এ) | ICX, ANS এবং অন্যান্যদের ক্ষেত্রে ----------৭.৫% | প্রযোজ্য নয় |
| ২২ | ইন্স্যুরেন্স পলিসি হোল্ডারদের পরিশোধিত প্রিমিয়ামের অতিরিক্ত অর্থ | ধারা-৫২টি | ৫% | প্রযোজ্য |
| ২৩ | ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক Local L/C হিসাবের ক্ষেত্রে উৎসে কর কর্তন | ধারা-৫২ইউ | Financing Agreement এর আওতায় ক্রেডিট সুবিধা প্রদানের ক্ষেত্রে:<br>* উপধারা (১) অনুযায়ী ক্রেতার পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে করের পরিমাণ-----৩%<br>* উপধারা (২) অনুযায়ী ডিস্ট্রিবিউটর এর পক্ষে বিক্রেতাকে অর্থ পরিশোদেরক্ষেত্রে--------------১% | প্রযোজ্য |
| ২৪ | সেলুলার ফোন কোম্পানী কর্তৃক রাজস্ব বিভাজন, লাইসেন্স ফি বা অন্য কোন চার্জ | ধারা-৫২ভি | ১০% | প্রযোজ্য |
| ২৫ | আমদানিকারক | ধারা ৫৩/বিধি ১৭এ | বিধি ১৭এ বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ২৬ | গৃহ সম্পত্তি ভাড়া | ধারা-৫৩এ | ৫% | প্রযোজ্য |
| ২৭ | কোন নিবাসী কর্তৃক জাহাজ ব্যবসা | ধারা-৫৩এএ | ধারা-৫৩এএ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ২৮ | জনশক্তি রপ্তানীর সার্ভিস চার্জ | ধারা-৫৩বি/বিধি১৭সি | ১০% | প্রযোজ্য নয় |
| ২৯ | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন এবং এক্সেসরিজ রপ্তানি | ধারা-৫৩বিবি | পাটজাত পণ্যসহ নির্বিশেষে সকল পণ্যের ক্ষেত্রে সকল ক্ষেত্রে--০.৬০% | প্রযোজ্য নয় |
| ৩০ | স্টক এক্সচেঞ্জের সদস্য | ধারা-৫৩বিবিবি | ০.০৫% | প্রযোজ্য নয় |
| ৩১ | নিটওয়্যার ও ওভেন গার্মেন্টস টেরিটাওয়েল, গার্মেন্টস শিল্পের কার্টন এবং এক্সেসরিজ, পাট-পণ্য, হিমায়িত প্যাকেটজাত পন্য বাদে অন্যান্য রপ্তানি | ধারা-৫৩বিবিবিবি | ০.৬% | প্রযোজ্য নয় |
| ৩২ | সরকার নিলামে দ্রব্যাদি বিক্রয় বা সম্পত্তি বিক্রয় | ধারা-৫৩সি বিধি-১৭ডি | ৫% | প্রযোজ্য নয় |
| ৩৩ | অনিবাসীর কুরিয়ার ব্যবসা | ধারা-৫৩সিসিসি | ১৫% | প্রযোজ্য নয় |
| ৩৪ | অভিনেতা এবং অভিনেত্রীকে প্রদত্ত অর্থ | ধারা-৫৩ডি | ১০% | প্রযোজ্য নয় |
| ৩৫ | রপ্তানির ক্ষেত্রে নগদ সহায়তা (Export Cash Subsidy) | ধারা ৫৩ডিডিডি | ৩% | প্রযোজ্য |
| ৩৬ | কমিশন, ডিসকাউন্ট বা ফিস | ধারা-৫৩ই (১)(২)(৩) | ধারা-৫৩ই (১)(২)(৩) এর বিধান অনুযায়ী | প্রযোজ্য |
| ৩৭ | বিদেশি ক্রেতার এজেন্ট | ধারা-৫৩ইই | ১০% | প্রযোজ্য নয় |
| ৩৮ | সঞ্চয়ী আমানত বা স্থায়ী আমানতের সুদ | ধারা-৫৩এফ | ধারা-৫৩এফ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ৩৯ | রিয়েল এস্টেট এবং ভূমি উন্নয়ন ব্যবসা | ধারা-৫৩এফএফ | ধারা-৫৩এফএফ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ৪০ | বীমা কমিশন | ধারা-৫৩জি | ৫% | প্রযোজ্য |
| ৪১ | সাধারণ বীমা কোম্পানীর সার্ভেয়ার | ধারা-৫৩জিজি | ১৫% | প্রযোজ্য |
| ৪২ | সম্পত্তি হস্তান্তর | ধারা-৫৩এইচ | ধারা-৫৩এইচ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ৪৩ | সম্পত্তির লীজ এর ক্ষেত্রে | ধারা-৫৩এইচএইচ | ৪% | প্রযোজ্য নয় |
| ৪৪ | ডাকঘর সঞ্চয় ব্যাংক হিসাবে জমার উপর সুদ | ধারা-৫৩আই | ১০% | প্রযোজ্য নয় |
| ৪৫ | খালি জমি বা প্ল্যান্ট বা যন্ত্রপাতির ভাড়া | ধারা-৫৩জে | ৫% | প্রযোজ্য |
| ৪৬ | সংবাদপত্র, সাময়িকী বা বেসরকারী টেলিভিশন, বেসরকারী রেডিও চ্যানেল বা ওয়েব সাইটে প্রচারিত বিজ্ঞাপন বিল | ধারা-৫৩কে | ৪% | প্রযোজ্য |

| ক্রঃ | উৎসের খাত | ধারা | উৎসে কর কর্তনের হার | এলটিইউ (LTU) এর ক্ষেত্রে প্রযোজ্যতা |
|---|---|---|---|---|
| ৪৭ | স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের শেয়ার হস্তান্তর | ধারা-৫৩এম | ৫% | প্রযোজ্য নয় |
| ৪৮ | কোন স্টক এক্সচেঞ্জের শেয়ার হস্তান্তর | ধারা-৫৩এন | ১৫% | প্রযোজ্য নয় |
| ৪৯ | রিয়েল এস্টেট ডেভেলপার কর্তৃক জমির মালিককে অর্থ পরিশোধ | ধারা-৫৩পি | ১৫% | প্রযোজ্য নয় |
| ৫০ | লভ্যাংশ | ধারা-৫৪ | নিবাসী/অনিবাসী<br>ক) বাংলাদেশী কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য হারে:-<br>খ) বাংলাদেশী ব্যক্তির ক্ষেত্রে ঃ<br>১২ ডিজিট টিআইএন থাকিলে -----১০%<br>১২ ডিজিট টিআইএন না থাকিলে --১৫%<br>কোন বাংলাদেশী নিবাসী কোম্পানীকে Taxed Dividend প্রদান করার ক্ষেত্রে 6th Schedule, Part-A, para-60 অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত হলে উৎসে কর কর্তন প্রযোজ্য হবে না | প্রযোজ্য |
| ৫১ | লটারী | ধারা-৫৫ | ২০% | প্রযোজ্য নয় |
| ৫২ | অনিবাসীর আয় | ধারা-৫৬ | ধারা-৫৬ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| | | ধারা-৫৬ এর (২) | Tax Treaty অনুযায়ী কোন অব্যাহতি অথবা হ্রাসকৃত হারে এ সুবিধা প্রাপ্ত হলে বোর্ড থেকে অব্যাহতি/হ্রাসকৃত হারে প্রাপ্তি বিষয়ে সনদপত্র গ্রহণ করা বাধ্যতামূলক। | |
| | | ধারা-৫৬ এর (২এ) | পরিশোধিত/কর্তনকৃত কর নূন্যতম কর দায় হিসেবে বিবেচিত হবে এবং কোন প্রত্যর্পণযোগ্য কর সৃষ্টি হবে না বা অন্যান্য দাবীর সাথে সমন্বয়যোগ্য হবে না। | |
| ৫৩ | মোটর গাড়ির মালিকানাজনিক অনুমিত আয়ের উপর অগ্রিম কর | ধারা-৬৮বি | ধারা-৬৮বি এর বিধান অনুযাী | প্রযোজ্য নয় |
| ৫৪ | বাস, ট্রাক, মিনিবাস, কোস্টার ইত্যাদির অনুমিত আয়কর | এসআরও ১৬০/২০১৪ | এসআরও -১৬০/২০১৪ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |
| ৫৫ | অভ্যন্তরীণ, নৌযান, কার্গো কোস্টার বা ডাম্পবার্জ এর অনুমিত আয়কর | এসআরও ১৬২/২০১৪ | এসআরও -১৬২/২০১৪ এর বিধান অনুযায়ী | প্রযোজ্য নয় |

## উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর জমার কোড ঃ

কোম্পানি শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪৫-০০১০-০১০১
ব্যক্তি শ্রেণীর করদাতার ক্ষেত্রে ঃ ১-১১৪৫-০০১০-০১১১

## উৎসে কর্তিত/সংগৃহীত আয়কর সরকারী কোষাগারে জমার সময়সীমা ঃ

বিধি ১৩ অনুযায়ী কর জমার সময়সীমা নিম্নরূপ:

| ক্রমিক | কর কর্তন বা সংগ্রহের সময়কাল | কর্তিত/সংগৃহীত কর সরকারী কোষাগারে জমা দেয়ার সময়সীমা |
|---|---|---|
| ০১ | জুলাই থেকে মে মাস পর্যন্ত | কর কর্তন বা সংগ্রহ সংশ্লিষ্ট মাস শেষ হওয়ার দুই সপ্তাহের মধ্যে |
| ০২ | জুন মাসের ১ থেকে ২০ তারিখ | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী ৭ দিনের মধ্যে |
| ০৩ | জুন মাসের অবশিষ্ট দিনগুলি | কর কর্তন বা সংগ্রহের তারিখের পরবর্তী দিনে। তবে জুন মাসের শেষ ২ কর্মদিবসে কর্তিত/সংগৃহীত কর কর্তন/সংগ্রহের দিনেই। |

## উৎসে কর কর্তনে ও জমাদানে ব্যর্থতার ফলাফল:

- উৎসে কর কর্তনে এবং জমাদানে ব্যর্থ কর্তৃপক্ষকে খেলাপী করদাতা (Assessee in default) হিসেবে বিবেচনা করা;
- মাসিক ২% হারে অতিরিক্ত পরিমানসহ ব্যর্থ কর্তৃপক্ষের নিকট হতে আদায়;
- ব্যর্থ প্রতিষ্ঠানের কর নির্ধারনের সময় কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য কর সংশিষ্ট ব্যয় অনুমোদনযোগ্য খরচ (allowable expense) হিসেবে বিবেচনা না করা অর্থাৎ কর্তনযোগ্য/সংগ্রহযোগ্য করের সাথে সংশিষ্ট ব্যয়কে উক্ত প্রতিষ্ঠানের করযোগ্য আয় হিসেবে গণ্যকরণ।
- আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৬৪ ধারা মোতাবেক উৎসে কর কর্তনে ব্যর্থ খেলাপী কর্তৃপক্ষের বিরুদ্ধে ফৌজদারী মামলার বিধান রয়েছে।

## উৎসে কর কর্তনে বিধি ১৮ অনুযায়ী ধারা ৫৮ এর বিধানবলীঃ

উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ (Person) প্রতিমাসে বিভিন্ন খাতে যে উৎস কর কর্তন বা আদায় করেন তার তথ্য আয়কর বিধিমালা, ১৯৮৪ এর rules 18 তে বর্ণিত বিবরণী অনুযায়ী আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার বিধান রয়েছে।

উল্লিখিত উৎস করের বিবরণী যথাসময়ে আয়কর কর্তৃপক্ষের নিকট প্রেরণের ব্যর্থতায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 124 অনুযায়ী জরিমানার বিধান নিম্নরুপঃ

- আয়র অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 58 অনুযায়ী বিবরণী/তথ্য দাখিলে ব্যর্থতায় এককালীন জরিমানার পরিমাণ ৫০০০/- টাকা এবং ব্যর্থতা অব্যাহতি থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য ১০০০/- টাকা হারে জরিমানা।

## উৎসে আয়করের রিটার্ন দাখিল:

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 75A অনুযায়ী উৎস করের রিটার্ন দাখিলের বিধান বিদ্যমান রয়েছে। কোম্পানীর ক্ষেত্রে প্রধান কর্মকর্তা এবং অন্যান্য ক্ষেত্রে উপযুক্ত ব্যক্তি রিটার্নে স্বাক্ষর ও সত্য-প্রতিপাদন করবেন।

### প্রতি অর্থ বছরের জন্য দু'টি উৎস করের রিটার্ন দাখিল করতে হবে-

| ক্রমিক | উৎসে কর কর্তন/সংগ্রহের সময় | উৎসে কর রিটার্ন | রিটার্ন দাখিলের শেষ তারিখ |
|---|---|---|---|
| ১ | ১ জুলাই হতে ৩১ ডিসেম্বর | প্রথম রিটার্ন | একই অর্থ বছরের ৩১ জানুয়ারী |
| ২ | ১ জানুয়ারী হতে ৩০ জুন | দ্বিতীয় রিটার্ন | পরবর্তী অর্থ বছরের ৩১ জুলাই |

তবে, রিটার্ন দাখিলকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে উপ কর কমিশনার রিটার্ন দাখিলের সময়সীমা ১৫ দিন পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর বিধি- ২৪এ অনুযায়ী উৎসে করের রিটার্ন দখিল করতে হবে।

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৭৫এএ অনুযায়ী উৎসে কর কর্তন/সংগ্রহের বিষয়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য নিরীক্ষা কার্যক্রমে এ বিষয়ে কোন ব্যত্যয়ের ক্ষেত্রে ১২৪ ধারায় জরিমানসহ ধারা ৫৭ এবং ৫৭এ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণের বিধান রয়েছে।

### 108 ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮ অনুযায়ী সরকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক কর্মকর্তা/কর্মচারীদের বেতনভূক্ত আয় হতে কর প্রদান সংক্রান্ত রিটার্ন প্রতি বৎসরের ১ লা সেপ্টেম্বর এর পূর্বে নির্ধারিত ফরমে এবং নির্ধারিত পদ্ধতিতে রিটার্ন দেয়ার বাধ্যবাধকতা রয়েছে।

### 108(A) ধারার রিটার্ন দাখিল

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১০৮(এ) বিধান অনুযায়ী বেসরকারী নিয়োগকর্তার ব্যবসা/পেশায় কর্মরত বেতনভোগী সকল employee প্রত্যেক বছরের ১৫ এপ্রিল তারিখের মধ্যে তার নিয়োগকর্তার নিকট নিম্নবর্ণিত তথ্য প্রদান করবেন:-
(ক) টিআইএন (খ) রিটার্ন দাখিলের তারিখ:
(গ) রিটার্নের প্রাপ্তি স্বীকারপত্রে উল্লিখিত ক্রমিক নম্বর (যা কর অফিস হতে দেয়া হয়)।

যে সকল employee এর জন্য ১২-ডিজিট টিআইএন গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে যে সকল employee নিয়োগকর্তাকে এ তথ্যসমূহ জানাবেন।
নিজ নিজ employee এর রিটার্ন দাখিলের তথ্য প্রত্যেক নিয়োগকর্তা কর্তৃক বিধি 23A এ নির্ধারিত বিবরণীর মাধ্যমে ৩০ এপ্রিল তারিখের মধ্যে কর অফিসকে অবহিত করতে হবে।

### 75A, 108 এবং 108(A) ধারায় রিটার্ন দাখিল ব্যর্থতার ফলাফল:

- রিটার্ন দাখিলের ব্যর্থতায় ১২৪ ধরায় এককালীন জরিমানার পরিমাণ হবে সর্বশেষ নির্ধারিত করের ১০ শতাংশ অথবা পাঁচ হাজার টাকা-দু'য়ের মধ্যে যেটি বেশী সে অংক।
- এ ছাড়া, বর্ণিত রিটার্ন বা বিবরণী দাখিলে ব্যর্থতা অব্যাহত থাকলে প্রত্যেক মাস বা মাসের ভগ্নাংশের জন্য এক হাজার টাকা হারে জরিমানা আরোপযোগ্য হবে।

উল্লেখ্য 82BB(7) এবং Proviso এর (c) বিধান অনুযায়ী ধারা 75A, 108 এবং 108(A) বিধান পরিপালন না করলে ১৫ শতাংশ বেশি আয় প্রদর্শনের শর্ত পূরণ সত্ত্বেও কোন করদাতার সংশ্লিষ্ট কর বছরের আয়কর রিটার্ন অডিটের জন্য নির্বাচন করা যাবে।

উৎসে কর কর্তন/সংগ্রহ সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে এ ইউনিটের নিম্নোক্ত ফোন নম্বর সমূহে করা যেতে পারে।
ফোন: ৮৩১৪৭৫২, ৯৩৩২০১০, ৯৩৩৪৪৫৪ ও ৮৩২১৬১৬।
বৃহৎ করদাতা ইউনিট (LTU), জাতীয় রাজস্বের স্বার্থে আপনার ঐকান্তিক সহযোগিতা কামনা করছে।

কর কমিশনার
বৃহৎ করদাতা ইউনিট (LTU)

সমৃদ্ধির সোনালি দিন
আনতে হলে আয়কর দিন

We Serve the Taxpayers

**LARGE TAXPAYER UNIT**

বৃহৎ করদাতা ইউনিট (LTU)

২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০
পিএবিএক্স: ৯৩৩২০১০, ৯৩৩৪৪৫৪, ৮৩২১৬১৬, ফ্যাক্স: ৯৩৩১৪২৩
Email: ltuit@dhaka.net, Web: www.ltubd.org, Facebook: www.facebook.com/ltutax